কে তাদের মা
শিশু পাঠ্য কে তাদের মা

কে তাদের মা

সম্পাদনা : হান শিং
চিত্রাঙ্কন : চিয়াং চেংআন, উ তাইশেং

ডলফিন প্রকাশন, পেইচিং

আমার বাড়ীতে কতকগুলো মোরগ ও মুরগী আছে।

একদিন একটি মুরগী তার বাসায় ডিম পেড়ে বাচ্চা ফুটানোর জন্য তার উপর বসে তা দিতে লাগলো।

এখবর জেনে একটা মোরগ আনন্দে তার ঘাড় তুলে চীৎকার করে কুক কুক করে ডাকতে লাগলো।

খবরটা পাতিহংসীরও কানে গেলো। সে ঝুড়ি করে তিনটি বড়ো বড়ো ডিম নিয়ে এলো। তাতে তা দেয়ার জন্যে মুরগীকে বললো।

কিছু দিন পর হলুদ পালক পরা খুব সুন্দর মোরগছানা ও হাঁসছানা ডিমের খোলস ভেঙ্গে বের হয়ে এলো। মোরগছানা চিঁ চিঁ করে আর হাঁসছানা প্যাঁক প্যাঁক করে ডাকতে লাগলো।

একদিন ওই মুরগী মোরগছানা ও
হাঁসছানা নিয়ে বাইরে বেড়াতে এলো।

তারা পথে যেতে যেতে দেখলো মাটিতে কিছু গমেরবীজ পড়ে আছে। তখন মুরগী বললো, ‘দ্যাখো, এগুলি আমাদের খানা, তোমরা খেতে পারো।’

খুব অদ্ভুত! মোরগছানারা একটি একটি করে বীজ ঠোঁট দিয়ে তুলে খেতে লাগলো। কিন্তু হাঁসছানারা একটাও খেতে পারলো না।

হাঁসছানারা অবাক হয়ে মুরগীকে জিজ্ঞেস করলো,
'মা, ওরা ঠোঁট দিয়ে অনায়াসে খেতে পারছে,
কিন্তু আমরা পারছি না কেন?'

তখন মুরগী মুচকি হেসে বললো, 'বাছা, আমি ওদের মা, তোমাদের মা নই। এই দ্যাখো, আমাদের ঠোঁট কতো চিকন!'

মুরগী আরো বললো, 'মোরগছানাদের ঠোঁট চিকন হয়। তাই সহজেই ওগুলো খেতে পারছে। তোমাদের ঠোঁট চ্যাপটা বলে খেতে পারছো না। এবারে বুঝতে পারলে ব্যাপারটা?'

'তোমাদের মা হলো পাতিহংসী। তার ঠোঁট তোমাদের মতই চ্যাপ্টা, আর পাতলা চামড়ায় তার পা-র সমস্ত আঙ্গুল একসঙ্গে জোড়া। তোমরা এখন তোমাদের মাকে খুঁজতে যাও।'

হাঁসছানারা তাদের মা'র খোঁজে একটি সরোবরের ধারে এলো। সেখানে তারা একটি সাদা রাজহংস এবং একটি পাতিহংসীকে দেখতে পেলো।

সাদা রাজহংস দেখতে অনেক বড়ো। সে গাঁ গাঁ করে ডাকছিলো। তার ঠোঁট বেশ চ্যাপ্টা।

পাতিহংসী দেখতে ছোট। সে প্যাঁক প্যাঁক
করে ডাকছিলো। তার ঠোঁটও চ্যাপ্টা।

তাদের পায়ের আঙ্গুল পাতলা চামড়া দিয়ে জোড়া। হাঁসছানারা তাদের দিকে তাকিয়ে জিজ্ঞেস করলো, 'তোমরা কি আমাদের বাবা-মা?'

তা শুনে পাতিহংসী বললো, ‘বাছারা কাছে এসো। আমিই তোমাদের মা। আর ইনি তোমাদের রাজহংস কাকা, মাথায় লাল টুপি পরেছেন।’

মাকে পেয়ে হাঁসছানাদের আনন্দ দেখে
কে। তারা মাথা ও পেছনটা নাড়তে
লাগলো। তারপর মা-র নকল করে সাঁতার
দিতে শুরু করলো। সরোবরে ঘাস ও
মাছের খোঁজে তারা নিজেদের ইচ্ছেমতো
সাঁতার কেটে বেড়াতে লাগলো।

মোরগ, মুরগী আর তাদের বাচ্চারা
হাঁসছানার সাঁতার কাটা দেখতে এলো।

মোরগছানারা ডানা নাড়তে নাড়তে জলে নামতে গেলো।
অমনি মুরগী ভয় পেয়ে চীৎকার করে বলে উঠলো, একি!
থাম! থাম! জলে নামলে তোমাদের প্রাণ থাকবে না।’

সাদা রাজহংস হেসে বললো, ‘বাছারা, তোমাদের আঙ্গুল ফাঁক ফাঁক কি করে সাঁতার কাটবে? এসো! আমি তোমাদের নিয়ে সাঁতার কাটবো।’

সাদা রাজহংস যেন জলে ভাসমান একটি নৌকা, আর মোরগছানারা যেন হলো যাত্রী । দ্যাখো! ওরা কতো খুশি!

প্রথম প্রকাশ ১৯৯১

ISBN 7-80051-793-4

প্রকাশনা : ডলফিন প্রকাশন
২৪ পাইওয়ানচুয়াং, পেইচিং-১০০০৩৭, চীন

পরিবেশনা : চীন আন্তর্জাতিক পুস্তক বাণিজ্য কর্পোরেশন
৩৫ পশ্চিম ছেকুংচুয়াং,

পোস্ট বক্স ৩৯৯,
পেইচিং-১০০০৪৪, চীন

গণ প্রজাতন্ত্রী চীনে মুদ্রিত

找妈妈

韩　星　改编

姜成安
吴带生　绘画

*

海豚出版社出版

（中国北京百万庄路24号）

邮政编码 100037

天津市静一胶印厂印刷

中国国际图书贸易总公司发行

（中国北京车公庄西路35号）

北京邮政信箱第399号　邮政编码100044

1991年（24开）第一版

（孟）

ISBN 7—80051—793—4/J・1041（外）

00245

88—Be—191P